



## বেইজিং অলিম্পিক

ওয়াসিম খান পলাশ

প্যারিস থেকে



### বেইজিং অলিম্পিক ষ্টেডিয়াম

বেইজিং অলিম্পিক এখন সবার ঘরের দরজায় কড়া নাড়তে শুরু করেছে। প্রতি চার বছর পর পর অনুষ্ঠিত এই গেমসটির জন্য অপেক্ষা বছরের পর বছর। বিশ্ববাসীর দৃষ্টি এখন বেইজিং এর দিকে। অফিস-আদালত, হোটেল-রেস্তোরা, ক্লাব পাড়া, পাড়া-মহল্লা সব আসরেই এখন শুধু একটি আলোচনা----অলিম্পিক। কিছু দিনের জন্য হলেও পৃথিবী থমকে দাঁড়াবে অলিম্পিক জ্বরে। দেশীয় ও আন্তর্জাতিক রাজনীতিতেও আক্রমণ প্রতি আক্রমণ ভুলে যাবে পক্ষু প্রতিপক্ষরা। যেন এক অলিখিত শান্তি চুক্তি।

একজন সিরিয়াস ক্রিডাবিদের স্বপ্ন হলো খেলোয়াড়ী জীবনে একটি বারের জন্য হলেও বিশ্ব অলিম্পিকে অংশ গ্রহন করা। শুধু স্বপ্ন দেখলেই হবে না। তাকে পাড়ি দিতে হয় এক মহাসমুদ্র। এই মহাসাগরের সীমানা প্রশান্ত কিংবা আটলান্টিকের চেয়েও কয়েকশত গুন বড়। প্রথমেই তাকে জাতীয় রেকর্ডধারী হতে হবে। তারপর তার স্কোর বা টাইমিং হতে হবে বিশ্ব অলিম্পিক মানের।

আগামী ৮ হতে ২৪ শে আগষ্ট পর্যন্ত চীনের বেইজিং শহরে অনুষ্ঠিত হতে যাচ্ছে ২৯ তম বিশ্ব অলিম্পিয়াড। আন্তর্জাতিক অলিম্পিক কমিটি ইতিমধ্যেই বেজিং এর সব ধরনের প্রস্তুতিতে সন্তোষ প্রকাশ করেছে। বেইজিং অলিম্পিকের কর্মকর্তারা ৮ই আগষ্টের ওপেনিং সেরিমনিতে চমক দেখানোর আশা ব্যক্ত করেছেন। কঠোর

নিরাপত্তা ব্যবস্থা নেয়া হয়েছে। ইতিমধ্যেই আমেরিকার প্রেসিডেন্ট জর্জ ডব্লিউ বুশ, ফরাসী প্রেসিডেন্ট নিকোলাস সার্কোজি উদ্বোধনী অনুষ্ঠানে থাকার কথা নিশ্চিত করেছেন। তাদের সংগে থাকবেন অনেক দেশের সরকার প্রধানরাও। উদ্বোধনী অনুষ্ঠানে দেখা যাবে বিশ্বের বিভিন্ন দেশের রাষ্ট্রীয় ডেলিগেটদের। এছাড়া উপস্থিত থাকবেন সোনালী অতীতের খেলোয়াড়বৃন্দ। ওপেনিং সিরেমনি দেখতে প্রস্তুত হচ্ছে সারা দুনিয়ার ক্রীড়াপ্রেমী মানুষেরাও। বিশ্বের বড় বড় মিডিয়া থেকে শুরু করে প্রায় অনেক দেশের মিডিয়া বেইজিং যাওয়ার প্রস্তুতি নিচ্ছে।

এবারের অলিম্পিকে সারা বিশ্বের প্রায় এগারো হাজারেরও বেশী এথলেট অংশ নিবেন। তাদের সংগে থাকবে কোচ ও কর্মকর্তারা। স্বাগতিক চীন ৬৩৯ সদস্যের দল নিয়ে অংশ নিবে নিজ দেশের অলিম্পিকে। মোট ২৮ টি খেলায় ৩০২ টি স্বর্ণপদকের জন্য লড়বেন ক্রীড়াবিদরা। এই ২৮ টি খেলায় আবার ব্যক্তিগত ও দল গত মিলিয়ে ৩০২ টি ইভেন্ট। চার বছর আগে এথেলস অলিম্পিকেও ছিল ২৮ টি স্পোর্টস। আথলেটিক্স, সাতার, শুটিং, বক্সিং, আর্চারি, জিমন্যাস্টিক্স, জুডো, কুস্তি, ব্যাডমিন্টন, টেবিল-টেনিস, গেমসের আকর্ষণীয় ক্রীড়া। অলিম্পিকে ব্যক্তিগত ইভেন্টেই হবে আসল লড়াইটা। বিশ্বের সেরা তারকারা নিজ নিজ বিষয়ে স্পেশালিষ্ট, মাঠে নামবেন শ্রেষ্ঠত্ব প্রমানের লড়াইয়ে। উজাড় করে দিবেন নিজেদেরকে।

অলিম্পিকে অংশগ্রহণের সর্বনিম্ন বয়স ১৬ বছর। এবারের অলিম্পিকে বয়স চুরির খবর পাওয়া যাচ্ছে। আপাতত চীনের দুই জিমন্যাস্টিকের খোজ পাওয়া যাচ্ছে। ৬৩৯ সদস্যের চাইনীজ দলে কতজন অপ্রাপ্ত বয়স্ক খেলোয়াড় ঢুকে পড়েছে এখন এটাই প্রশ্ন। বেশী বয়সী খেলোয়াড়দের কম বয়স দেখিয়ে অনেক সময় বয়স ভিত্তিক বিভিন্ন প্রতিযোগিতায় অংশ গ্রহন করানো হয়। কিন্তু কম বয়সীদের বেশী বয়স দেখানোর কারনটা কি।



মেডেল

যাচ্ছে বয়স ১৬ বছরের নিচে ।

ব্যক্তিগত গেমসের পাশাপাশি দলগত গেমও থাকবে। ফুটবল, হকি, ভলিবল, বাস্কেটবল, বীচ ভলিবল। অলিম্পিকে অন্তর্ভুক্ত ২৮ গেমসের মধ্যে আথলেটিক্সে সর্বাধিক পদক। যার সংখ্যা ৪৭ টি। দ্বিতীয় স্থানে সাতার। সাতারে স্বর্ণ সংখ্যা ৩৪টি। শুটিং এ থাকবে ১৫ টি। ১৪ টি গোল্ড মেডেলের জন্য লড়বেন জুডো, ভারোত্তলন ও নৌকা বাইচের প্রতিযোগীরা। আথলেটিক্স, জিমনাসটিক্স ও সাতার, জুডো অলিম্পিকের প্রধান আকর্ষণ। আথলেটিক্সের স্বপ্ন পাল্লার দৌড়ে যেমন আমেরিকার একচেটিয়া প্রাধান্য দেখা যায়। জিমনাসটিক্সে চীন, রাশিয়া, ইউ এস এর প্রাধান্য দেখা যায়। তেমনি দূর পাল্লার দৌড়ে আফ্রিকান দেশগুলোর প্রাধান্য দেখা যায়।

বেজিং অলিম্পিক গেমসে রেকর্ড সংখ্যক প্রায় বিশ হাজার মিডিয়া কর্মী নিয়োজিত থাকবেন খবর সংগ্রহের জন্য। প্রিন্ট মিডিয়া ও ফটোগ্রাফার থাকবেন প্রায় ৬০০০ এর মতো। আর টিভি সম্প্রচার স্বত্ব পাওয়া সংবাদিকদের সংখ্যা হবে প্রায় ১২০০০। নিউজ সংগ্রহ করতে আসা সাংবাদিকদের জন্য একটি কমপ্লেক্স তৈরী করা হয়েছে। অলিম্পিক ষ্টেডিয়াম ও ভিলেজের খুব কাছাকাছি এই প্রেস সেন্টার। চারতলা কমপ্লেক্সটির মোট আয়তন ৬২ হাজার বর্গমিটার। এক সাথে প্রায় হাজারখানেক সংবাদকর্মী কাজ করতে পারবেন। ভিতরে আরও রয়েছে ৩০টি তথ্য কেন্দ্র, ৩০টি প্রিন্টার মেশিন, ২২৯ টি পে ফোন, ৬৮০টি ইন্টারনেট লাইন, ৩৪টি বিগ সাইজ টিভি সেট, ৫০০ টি লকার, ৩টি বিশ্রামাগার ও একটি জিমন্যাসিয়াম।

রয়টার্স, এপি, এ এফ পি এবং সিন হ্যার জন্য বরাদ্দ করা হয়েছে ৪০০ বর্গমিটারের একটি করে অফিস।

প্রথম তলায় থাকবে ৫০০০ বর্গমিটারের ডাইনিং হল। যেটা ২৪ ঘন্টা খোলা থাকবে। খাবারের মেনুতে থাকবে – ভাত, মাংস, ভেজিটেবল, সুপ, মিষ্টি, ফল ইত্যাদি। ম্যেনু মাত্র ৭৫ ইউয়ান। বাংলাদেশী টাকায় মাত্র ৭৫০ টাকা।

প্যারিস – ২৯-০৭-০৮

**Polashsl@yahoo.fr**